

নং:-৪৬.১০.০০০০.০০৬.৪৬.১৮৮.১৭-৮৭০

তারিখ: ০৭ কার্তিক ১৪২৫
২২ অক্টোবর ২০১৮

অফিস আদেশ

ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের আওতাধীন সকল সম্মানিত ব্যবসায়ী ও কর দাতাগণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের ৫ টি আঞ্চলিক কার্যালয়ে কর শাখা ও বাজার শাখা হতে ট্রেড লাইসেন্স গ্রহণকালে ট্রেড লাইসেন্স গ্রহীতাগণ বহিরাগত ও দালাল শ্রেণির ব্যক্তির দ্বারা অবৈধ অর্থ লেনদেনের মাধ্যমে বিভ্রমণা ও প্রতারণার শিকার হচ্ছেন মর্মে ডিএনসিসি কর্তৃপক্ষের দৃষ্টিগোচর হয়েছে। ফলে ডিএনসিসি'র সুনাম ক্ষুন্ন হচ্ছে, যা কোন অবস্থাতেই কাম্য নয়।

সম্মানিত সকল ব্যবসায়ী ও কর দাতাগণকে বহিরাগত ও দালাল শ্রেণির ব্যক্তির দ্বারা অবৈধ অর্থ লেনদেনের মাধ্যমে ট্রেড লাইসেন্স/পৌরকর সংক্রান্ত কোন বিষয় যোগাযোগ না করে সরাসরি ট্রেড লাইসেন্স শাখার লাইসেন্স ও বিজ্ঞাপন সুপারভাইজার ও রেন্ট এসিস্টেন্ট এবং পৌরকর শাখার রাজস্ব সুপারভাইজারগণের সাথে সরাসরি যোগাযোগ করে নির্ধারিত ট্রেড লাইসেন্স 'ফি' ও পৌরকর পরিশোধের অনুরোধ জানানো হচ্ছে।

এ বিষয়ে কোন অভিযোগ থাকলে সংশ্লিষ্ট অঞ্চল/বাজার শাখার কর কর্মকর্তা ও আঞ্চলিক নির্বাহী কর্মকর্তার সাথে যোগাযোগ করার জন্য সর্বিনয় অনুরোধ জানানো হচ্ছে। নাগরিক সেবার মান উন্নয়নে সকল সম্মানিত ব্যবসায়ী/কর দাতাগণের সহযোগিতা একান্ত কাম্য।

২.০ যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ আদেশ জারি করা হলো।



(রবীন্দ্রপ্রী বড়ুয়া)

সচিব

ফোন-৮৮৩৪৯৩০

ফ্যাক্স-৮৮৩৪৯৮৩

বিতরণ : (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)

১. সম্মানিত কাউন্সিলর (সকল), সাধারণ ওয়ার্ড নং-----, সংরক্ষিত ওয়ার্ড নং ----ডিএনসিসি।
২. বিভাগীয় প্রধান (সকল) -----ডিএনসিসি।
৩. আঞ্চলিক নির্বাহী কর্মকর্তা (সকল), অঞ্চল -----ডিএনসিসি।
৪. জনসংযোগ কর্মকর্তা, ডিএনসিসি (বহল প্রচারিত ন্যূনতম ০২ (দুই)টি বাংলা এবং ০১ (এক) টি ইংরেজি জাতীয় দৈনিক পত্রিকায় এতদ বিষয়ে বিজ্ঞপ্তি প্রচারের অনুরোধসহ)।
৫. উপ-প্রধান রাজস্ব কর্মকর্তা, পৌর/ বাজার ও বিবিধ, ডিএনসিসি।
৬. সিস্টেমস এনালিস্ট, ডিএনসিসি (আদেশটি ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
৭. কর কর্মকর্তা (সকল) অঞ্চল -----ডিএনসিসি।
৮. সহকারী সচিব, সাধারণ প্রশাসন শাখা, ডিএনসিসি।
৯. প্রধান নির্বাহী কর্মকর্তা মহোদয়ের সদয় অবগতির জন্য তাঁর স্টাফ অফিসার, ডিএনসিসি।
১০. প্যানেল মেয়র মহোদয়ের সদয় অবগতির জন্য তাঁর ব্যক্তিগত সহকারী, ডিএনসিসি।
১১. অফিস কপি।